আপনার উপদেষ্টা কে?

**(Radio meditation and prayer by: Evangelist Sieberen Voordewind)**

(রেডিও দ্বারা ধ্যান ও প্রার্থনা : ধর্মপ্রচারক সেব্যারেন ভর্ডিউয়িন্ড।)

অনুবাদঃ বাংলাদেশ রুরাল ইয়ূথ ফেলোশীপ সেন্টার (বি আর ওয়াই এফ সি)

প্রিয় শ্রোতা, এই সম্পচারের সময় আমি এই সম্পর্কে কথা বলতে চাই। "আপনার উপদেষ্টা কে?" জীবন্ত ঈশ্বরের বাক্যের জন্য দয়া করে আপনার হৃদয় খুলে দিন যখন আপনি শুনছেন ও উত্তম আর্শিবাদ গ্রহন করছেন। বাইবেল বলে, এবং যদি কেউ তার (যীশু) উপর বিশ্বস করে সে নিরাশ হবে না। (রোমীয় ৯ঃ ৩৩ পদ) আপনার সমস্যা হতেই পারে। বাইবেলে আমরা একজন লোক সম্পর্কে পড়ি, যিনি খুবই সমস্যাগ্রস্থ ছিলেন। তার নাম যিহোশাফট। ২য় বংশাবলী ২০ অধ্যায় ২ পদ এবং ৩ পদের ১ম অংশানুসারে বাইবেল বলে, কিছু লোক আসলো এবং যিহোশাফটকে বলল " সাগরের ওপারের অরাম দেশ থেকে এক বিরাট সন্যদল আপানার বিরূদ্ধে আসছে....... এতে যিহোশাফট ভয় পেলেন"। (ডাচ বাইবেল **NBG 1951**)

হয়তো আপনিও যিহোশাফটের মত সমস্যায় আছেন অথবা ভয়ে বসবাস করছেন। ভবিষ্যতের ভয়ে আছেন অথবা একাকিত্ব বোধ করছেন, মারা যেতে পারেন অথবা নিঃস হতে পারেন। হয়তো সমস্যা থেকে বের হতে না পেরে আপনি ভীত, কি আপনার প্রয়োজন এবং যা আপনার ভয়। প্রশ্ন হল," আপনার উপদেষ্টা কে?" হ্যাঁ আপনার সমস্যায় ও আপনার ভয়ের সময় যে আপনার পাশে থাকেনঃ যিহোশাফট যা করেছেন। বাইবেল বলে," যিহোশাফট ভীতসন্তস্ত্র হলেন এবং সমস্যা সমাধানের জন্য ঈশ্বরের অনুসন্ধান করলেন।" ( ডাচ বাইবেল **NBG 1951**)। তিনি স্থির করলেন জীবন্ত ঈশ্বরের কাছে তার প্রয়োজন অন্বেষণ করবেন। যিহোশাফটের পবিত্রতা অনুসারে ঈশ্বর প্রতিটি প্রার্থনা শুনলেন এবং সময়ানুযায়ী উত্তর দিলেন। ২য় বংশাবলী ২০ঃ ৩ পদে বাইবেল বলে,"তিনি(যিহোশাফট) দ্রুত একটি প্রজ্ঞাপন জারি করলেন যে, সমস্ত যিহূদী ও সমস্ত যিহূদীয়ার লোকেরা একত্রে বাহির হইয়া ঈশ্বরের কাছে সাহায্য চাইবে।" ঈশ্বরের প্রশংসা হোক। যিহোশাফট মানুষের সাহায্য চাইলেন না কিন্তু ঈশ্বরের সাহায্য চাইলেন। তার অবস্থান ছিল মানবিক ভাবে আশাহীন, কারণ সে প্রার্থনা করেছিল " এই যে বিশাল সন্যদল আক্রমন করতে আসছে তাদের মুখোমুখী হওয়ার শক্তি আমাদের নেই। (১২ পদ)। এবং খুব সম্ভবত আপনিও দুর্বলতা অনুভব করেন ব্যাক্তিগত অবস্থা পরিচালিত করতে। আপনার অবস্থা মানবিকভাবে আশাহীন, আপনি পথ দেখাতে পারেন না এবং যিহোশাফট বলেছিলেন"আমরা জানি না আমরা কি করবো।" আপনি জানেন না আপনি কি করবেন। কিন্তু আপনার উপদেষ্টা কে? যার কাছে আপনি সাহায্য প্রত্যাশী। যিহোশাফট ঈশ্বরের সানিদ্ধ্যে আসলেন এবং প্রার্থনা করলেন। কিন্তু আমাদের দৃষ্টি আমাদের নিজেদের প্রতি, সে বড় কোন রাজদ্রোহ দেখে নাই। কিন্তু আমরা দেখতে পাই জীবন্ত ঈশ্বরকে যার পক্ষে সবই সম্ভব। যখন তিনি প্রার্থনা করেছিলেন, বাইবেল বলে : (১৪ পদ) " পরে ঈশ্বরের আত্মা যহসীয়েলের উপর আসল....." তিনি বললেন, " রাজা যিহোশাফট, যিহুদীয়ার সকল লোক এবং যেরূশালেমে যারা বাস করে তারা শোন ঈশ্বর তোমাদের কি বলছেনঃ ( এবং আপনি এই সম্প্রচার থেকে শুনুন) " এই বিশাল সন্য সম্পর্কে ভয় কি নিরুৎসাহ হইও না, এই যুদ্ধ তোমার নয় কিন্তু ঈশ্বরের। তোমার যুদ্ধ করার দরকার নেই, তোমার অবস্থান নেও দৃঢ় রূপে দাঁড়াও এবং দেখ নিস্তারকর্তা প্রভু তোমাকে মর্যদাশীল করবেন। ওহে যিহুদা এবং যেরূশালেম ভয় করিও না! নিরুৎসাহ হইও না। আগামীকাল সমস্যার সম্মূখীন হও এবং ঈশ্বর তোমাদের সংগে থাকবেন। হ্যাঁ যখন তিনি এবং অন্যরা প্রার্থনা করেছিল তখন পবিত্র আত্মা উত্তর দিতে আসলেন। কি আশ্চার্য্য বিষয়! এবং এটা আমাদের প্রাত দয়া যে, একটা বই আছে যাতে পবিত্র আত্মা যা উত্তর করেছিল তা অনুপ্রাণীত হয়ে লেখা হয়েছে। এই বইটাকে বাইবেল বলা হয়।

বাইবেলে ঈশ্বর বলেন, " আমাকে ডাক আমি উত্তর দিব এবং তোমাকে মহান ও অজ্ঞাত বিষয় বলল যা তুমি জান না। যাইহোক " আমি তোমাকে সুস্থ্য ও আরোগ্যদায়ী করবো।" (যিরমিয় ৩৩:৩-৬ পদ)
যদি আপনি জীবন্ত ঈশ্বরকে আপনার জীবনের উপদেষ্টা হিসেবে গ্রহণ করেন, তিনি প্রার্থনার মাধ্যমে বলবেন, বাইবেল বা অন্য কিছুর মাধ্যমেও।
তার সাহায্য সবচেয়ে শ্রেষ্ঠ সাহায্য! তার উপদেশ সবচেয়ে শ্রেষ্ঠ উপদেশ। যিহোশাফট খুব ভাল উপদেষ্টা জীবন্ত ঈশ্বর থেকে সাহায্য অনুসন্ধানের জন্য সিদ্ধান্ত নিলেন এবং তা করলেন। এবং ঈশ্বর যিহোশাফটের সাথে ছিলেন। ঈশ্বর আপনার সত্য-নিষ্ঠ্য পার্থনা শুনবেন এবং তার সময়ানুযায়ী উত্তর দিবেন।
আমরা পড়ি" ঈশ্বরের উত্তরদানের পরে যিহোশাফট ঈশ্বরের সামনে মস্তক নত করলেন এবং সমস্ত যিহূদী ও যেরূশালেমবাসী ঈশ্বরের সাক্ষাতে ঈশ্বরের আরাধনা করল।"
এমন কি সমস্যা সমাধানের আগে, সে ঈশ্বরের উপদেশে বিশ্বাস ও আরাধনায় তার কাছে নত হয়েছিল। যখন ঈশ্বর প্রার্থনার মাধ্যমে আমাদের সাথে কথা বলেন, অথবা বাইবেল পড়ে জাগতিক চোখ দিয়ে প্রথমেই আমরা অমাদের সমস্যা সমাধান করতে পারিনা। দেখার পূর্বে প্রথমেই আমাদের ঈশ্বরের উওর ও উপদেশে বিশ্বাস করা দরকার। মার্ক১১:২৪ পদ যীশু বলেন, "সেইজন্য আমি তোমাদের বলছি প্রার্থনার মাধ্যমে তোমরা যা কিছু চাও, বিশ্বাস করো যে, তোমরা তা পেয়েছ আর তোমাদের জন্য তাই হবে। দেখ ও পরিবর্তন হওয়ার আগে বিশ্বাস কর যে ঈশ্বর তোমার প্রার্থনা শুনেছেন।" এই আশ্চার্য্য কাজের জন্য শুরুতেই তাকে ধন্যবাদ দিন। এবং ঈশ্বরের সময়ানুযায়ী যিহোশাফটকে যেমন আর্শিবাদ করেছিলেন তেমনি আপনার প্রার্থনার উত্তর দেবেন। ঈশ্বরের সময়ানুযায়ী আপনিও গভীরতম সমস্যা থেকে বের হয়ে আসতে পারবেন এবং যিহোশাফটের মত সুখে ও শান্তিতে চারিদিকে চলাফেরা করতে পারবেন। ঈশ্বরের বাক্যে আমরা পরতে পাড়ি।
" তারপর যিহোশাফটের নেতৃত্বে যিহূদা ও যেরূশালেমের সকল পুরুষ উল্লাসিত মনে যিরূশালেমে ফিরলো। কারণ ঈশ্বর তাদেরকে তাদের শত্রুদের উপর জয় দিয়েছিলেন। তারা যেরূশালেমে ঈশ্বরের গৃহে তুরী, নেবল ও বীণা সহকারে প্রবেশ করেছিল। ইস্রায়েলের শত্রুদের বিরূদ্ধে সদাপ্রভু কেমন করে যুদ্ধ করেছেন সেই কথা শুনে অন্যান্য দেশের সমস্ত লোকদের উপর সদাপ্রভু সম্পর্কে একটা ভয় নেমে আসলো। এতে যিহোশাফটের রাজ্য শান্তিতে রইলো, কারণ তার ঈশ্বর সব দিকেই তাকে শান্তি দিয়েছিলেন। "(২য় বংশাবলী ২০: ২৭-৩০ পদ)। ঈশ্বরের প্রশংসা হোক! জীবন্ত ঈশ্বর যিহোশাফটের জন্য যে সমস্ত করেছিলেন, ইচ্ছে করলে তিনি তার পুত্র যিনি পাপীর মুক্তির জন্য এই পৃথীবিতে এসেছিলেন সেই নাসরতীয় যীশু নামে আপনার জন্য তা করতে পারেন। এই মুহূর্তে আপনি যে স্থানে আছেন, ঘরে, জেলে, গাড়ীতে বা প্রেক্ষাগৃহে যেখানেই হোক : বিশ্বাসে আমাদের ঈশ্বরের সিংহাসনের কাছে আসুন। হে পরাক্রমশালী পিতা ঈশ্বর, আশ্চার্য্যময় যীশু খ্রিষ্টের নামে আমি আপনার কাছে এসেছি, যাদের প্রয়োজন আছে এবং যাঁরা এই সম্প্রচার শুনছে তাদের সাথে। আমরা সন্দেহ করতে চাই না কিন্তু বিশ্বাস করি যে, তিনি যেকোন ক্ষমতা থেকে মহান এবং আমি এই মুহূর্তে ইচ্ছুক নিস্তার, মুক্তি, স্বাধীনতা এবং আরোগ্যদায়ী শক্তি আপনার কাছ থেকে আইসুক। আরোগ্য, ব্যাথা থেকে মুক্তি, আবদ্ধতা থেকে মুক্তি, ভয় আসক্তি, প্রত্যেক আর্থিক সমস্যা থেকে দূরে এবং প্রত্যেক প্রয়োজনের যোগান দাতা, হে ঈশ্বর এই সম্প্রচারের পরে শ্রোতাদের জীবনে তোমার ঐশ্বরিক শক্তি নিয়ে আসো, পুনঃরায় একই রকম না হউক। আমি তোমাকে ধন্যবাদ দেই তোমার করুণার জন্য যে, তুমি এই প্রার্থনা শুনেছ এবং সময়মত উত্তর দিবে। আমি তোমার পবিত্র নামের গৌরব ও সম্মান করি।
এবং আমার সবচেয়ে ভাল বন্ধু: আরোগ্য লাভ, স্বাধীনতা, সমাধান, ঈশ্বরের শক্তির ক্ষমতাপ্রাপ্ত যীশু খ্রিষ্ট্রের নামে এটা বিশ্বাস করুন এবং তাকে এজন্য ধন্যবাদ দিন। এবং ভুলে যাবেন না যে কে আপনার উপদেষ্টা। আমার ইচ্ছা আপনি ঈশ্বরের ঐশ্বর্য ও ক্ষমতাশালী আর্শিবাদ প্রাপ্ত হন যীশু খিষ্ট্রের নামে যে নাম সব নামের উপরে। আমেন।